গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৪৮.০০১.২০.১২২

তারিখ: ১৯ আষাঢ়,১৪৩০
০৩ জুলাই ২০২৩

বিষয়: লাইসেন্সবিহীন খাদ্যশস্য ব্যবসায়ীগণকে শতভাগ লাইসেন্সের আওতায় আনয়নের জন্য খাদ্যশস্য লাইসেন্স সপ্তাহ, ২০২৩ উদযাপনের বিষয়ে নির্দেশনা।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের ২৮.০৫.২০২৩ তারিখের ৮০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এস,আর,ও নং- ১১৩-আইন/২০১১- The Control of Essential Commodities Act, 1956 (Act No. 1 of 1956) এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে খাদ্যশস্য লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক করা ছাড়াও খাদ্যশস্য মজুতের পরিমাণ ও মেয়াদ নির্ধারণ করে দেয়া হয়েছে। খাদ্যশস্য ব্যবসায়ের মে, ২০২৩ মাসের লাইসেন্স প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সমগ্র বাংলাদেশে লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী মাত্র ৫৭,৪৪৫ জন। বাধ্যতামূলক লাইসেন্স গ্রহণের বিষয়ে বিভিন্ন সময়ে আদেশ জারি করা সত্ত্বেও লাইসেন্স ইস্যুর সংখ্যা কম পরিলক্ষিত হচ্ছে। এই প্রেক্ষাপটে লাইসেন্সবিহীন খাদ্যশস্য ব্যবসায়ীগণকে শতভাগ লাইসেন্সের আওতায় আনয়নের লক্ষ্যে জাতীয়/স্থানীয় পত্রিকায় গণবিজ্ঞপ্তি দিয়ে দেশব্যাপী একযোগে ১৬ জুলাই হতে ২২ জুলাই ২০২৩ তারিখ পর্যন্ত বিগত বছরের ন্যায় খাদ্যশস্য লাইসেন্স সপ্তাহ উদযাপন করার জন্য সূত্রস্থ স্মারকে নির্দেশনা প্রদান করা হয়।

এক্ষণে, এ নির্দেশনা দেশব্যাপী পরিপালন এবং তা যথাযথভাবে কার্যকর করার জন্য নিম্নলিখিত নির্দেশনাসমূহ জারি করা হলোঃ

(১) খাদ্যশস্য লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে খাদ্যশস্য আমদানিকারক, পাইকারী ব্যবসায়ী ও আড়তদার, খুচরা ব্যবসায়ী, চালকল (অটোমেটিক রাইস মিল, মেজর রাইস মিল, হাস্কিং রাইস মিল) মালিকগণ ও ময়দাকল (মেজর ও কম্প্যাক্ট ময়দাকল, রোলার ময়দাকল, আটাচাক্কি) মালিকগণ যারা সর্বনিম্ন ১ (এক) মেট্রিক টন খাদ্যশস্য/খাদ্য সামগ্রী (এককভাবে কিংবা মিলিতভাবে) অর্থাৎ ১,০০০ (এক হাজার) কেজি ধান/চাল, গম/গমজাত দ্রব্য মজুত/ক্রয়-বিক্রয় করেন তাদেরকে খাদ্যশস্য লাইসেন্স গ্রহণের জন্য আহ্বান জানিয়ে জাতীয়/স্থানীয় পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে (গণবিজ্ঞপ্তির নমুনা সংযুক্ত) ;

(২) গণবিজ্ঞপ্তিটি কেন্দ্রীয়ভাবে সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ হতে ২টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় ১ (এক) দিনের জন্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে। পাশাপাশি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তাঁর বিভাগের বহুল প্রচারিত ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় ১ (এক) দিনের জন্য গণবিজ্ঞপ্তিটি প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করবেন;

(৩) লাইসেন্স বিহীনভাবে ব্যবসা পরিচালনাকারীগণের ক্যাটাগরি ভিত্তিতে তালিকা প্রণয়ন করে লাইসেন্স গ্রহণের জন্য নোটিশ প্রদান করতে হবে;

(৪) ওয়ানস্টপ সার্ভিস সেন্টারের মাধ্যমে খাদ্যশস্য লাইসেন্স প্রদানের জন্য প্রত্যেক গুরুত্বপূর্ণ বাজার/ব্যবসাকেন্দ্রে অস্থায়ী ক্যাম্প স্থাপন করে খুচরা ব্যবসায়ীদের লাইসেন্স প্রদান করতে হবে;

(৫) স্থানীয় প্রশাসন, আইন-শৃঙ্খলা বাহিনী, চেম্বার অব কমার্স, বাজার কমিটি এর সাথে প্রাসঙ্গিক তথ্য আদান প্রদান ও জরুরি মতবিনিময় সভা করার মাধ্যমে সার্বিক সহযোগিতা প্রাপ্তি নিশ্চিত করতে হবে;

(৬) এছাড়া জেলা পর্যায়ে পোস্টার, লিফলেট বিতরণ ও মাইকিং এর ব্যবস্থা করতে হবে।

উল্লেখ্য, বৃহৎ এ কর্মসূচি দেশব্যাপী সুষ্ঠুভাবে উদযাপনের জন্য একটি সুন্দর কর্মপরিকল্পনা প্রয়োজন। একইসাথে প্রয়োজন পোস্টার, লিফলেট ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা।

এমতাবস্থায়, বিশেষ সপ্তাহ উদযাপনের নিমিত্ত প্রত্যেক বিভাগ থেকে একটি করে খসড়া কর্মপরিকল্পনা এবং উক্ত কর্মসূচিতে বিতরণের নিমিত্ত প্রয়োজনীয় বক্তব্য/তথ্য সম্বলিত লিফলেট ও পোস্টারের (সম্ভব হলে রঙিন প্রিন্ট) খসড়া নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ গণবিজ্ঞপ্তির নমুনা ০১ (এক) পাতা।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৪-৭-২০২৩
তপন কুমার দাস

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
১১৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।
http://food.chittagongdiv.gov.bd

তারিখ: ২১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৫ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২১০.৫২.০০৯.২০.২১৮৮

সূত্রপত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রটি পৃষ্ঠাংকন করা হলো।

০৫-০৭-২০২৩

এস.এম. কায়ছার আলী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
০২৩৩৩৩৬৭৩৪ (ফ্যাক্স)
rcf.ctg@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), চট্টগ্রাম বিভাগ।।

তারিখ: ২১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৫ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২১০.৫২.০০৯.২০.২১৮৮/১ (২)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর এবং
২। অফিস কপি।

০৫-০৭-২০২৩

এস.এম. কায়ছার আলী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পত্র-১৩.০১.০০০০.০৫০.৪৮.০০১.২০.১২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
১১৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।
web: www.dgfood.gov.bd
http://food.chittagong.gov.bd

স্মারক নং- ১৩.০১.১৫০০.০০৫.৪৫.০১২.২৩- ২৫০০ তারিখঃ- ৬/৭/২৩

অনুলিপিঃ- সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।

১। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ............................. (সকল), চট্টগ্রাম। উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪। খাদ্য পরিদর্শক, চান্দগাঁও/পাহাড়তলী/বন্দর/পাঁচলাইশ থানা, চট্টগ্রাম। উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। অফিস কপি।

০৫/৭/২৩
জেলা খাদ্য নিয়ন্ত্রক,
চট্টগ্রাম।
৫/৭/২৩

খাদ্যশস্য লাইসেন্স নিব
আইন মেনে ব্যবসা করব

# গণবিজ্ঞপ্তি

## আগামী ১৬ থেকে ২২ জুলাই ২০২৩ তারিখ পর্যন্ত দেশব্যাপী খাদ্যশস্য লাইসেন্স গ্রহণ সপ্তাহ-২০২৩ উদযাপিত হতে যাচ্ছে

- দেশব্যাপী ১৬ জুলাই ২০২৩ থেকে ২২ জুলাই ২০২৩ তারিখ পর্যন্ত খাদ্যশস্য লাইসেন্স গ্রহণ সপ্তাহ-২০২৩ উদযাপিত হবে। জরুরি ভিত্তিতে খাদ্যশস্য লাইসেন্স গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল ব্যবসায়ীকে আহ্বান জানানো যাচ্ছে।

- খাদ্যশস্য আমদানিকারক, পাইকারি ব্যবসায়ী ও আড়তদার, খুচরা ব্যবসায়ী, চালকল ও ময়দাকল মালিকগণ যারা সর্বনিম্ন ১ (এক) মেঃটন খাদ্যশস্য/খাদ্যসামগ্রী (এককভাবে কিংবা মিলিতভাবে) অর্থাৎ ১,০০০ (এক হাজার) কেজি ধান, চাল, গম ও আটা মজুত/ক্রয়-বিক্রয় করেন তাদের খাদ্যশস্য লাইসেন্স গ্রহণ করতে হবে।

- আগামী ১৬ জুলাই ২০২৩ হতে ২২ জুলাই ২০২৩ তারিখ পর্যন্ত সারাদেশের সকল খাদ্য বিভাগীয় দপ্তরসমূহসহ গুরুত্বপূর্ণ হাট-বাজার ও ব্যবসাকেন্দ্রসমূহে সপ্তাহব্যাপী ওয়ানস্টপ সার্ভিস সেন্টার এর মাধ্যমে দ্রুততার সাথে খাদ্যশস্য লাইসেন্স প্রদান কার্যক্রম চলমান থাকবে।

- আপনার লাইসেন্সের জন্য নিকটস্থ খাদ্য অফিসে যোগাযোগ করুন। লাইসেন্স ছাড়া খাদ্যশস্য ব্যবসা দণ্ডনীয় অপরাধ।

খাদ্য অধিদপ্তর
খাদ্য মন্ত্রণালয়